ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৩১৭২</u>
বিলোনীয়া,১০ অক্টোবর,২০২৫

## বিলোনীয়ায় আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন

আজ বিলোনীয়ার অগ্নিবীণা হলে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। অনুষ্ঠানের উদ্বোধন করে সভাধিপতি দীপক দত্ত বলেন, রাজ্যের বর্তমান সরকার সমাজের সকল অংশের মানুষের কল্যাণে কাজ করছে। বিশেষ করে প্রবীণ ব্যক্তিদের জন্য স্বাস্থ্য বীমা, সামাজিক ভাতা সহ বিভিন্ন সরকারি সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে। তিনি বলেন, প্রবীণ ব্যক্তিদের মানসিক ও শারীরিক সুস্থতার ইতিবাচক প্রভাব সমাজ ব্যবস্থায়ও লক্ষ্য করা যায়। তিনি প্রবীণদের যত্ন নেওয়ার জন্য অনুষ্ঠানে উপস্থিত সকল নবীন প্রজন্মের সদস্য সদস্যাদের প্রতি আহ্বান জানান।

এছাড়াও অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক মোঃ সাজাদ পি., ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সদস্য দীপায়ন চৌধুরী, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. জ্যোতির্ময় দাস, সমাজসেবী সায়ন্তন দত্ত, নকুল পাল প্রমুখ। আজকের অনুষ্ঠান থেকে অতিথিগণ দক্ষিণ ত্রিপুরা জেলায় ‘টোবাকো ফ্রি ইয়ুথ ক্যাম্পেইন’ এর সূচনা করেন। স্বাগত বক্তব্য রাখেন জেলা সমাজশিক্ষা পরিদর্শক প্রবীর দেববর্মা। অনুষ্ঠানে চারজন প্রবীণ ব্যক্তি সাব্রুম মহকুমার রঞ্জিত রায় চৌধুরীকে শ্রেষ্ঠ প্রবীণ নব্বই উর্ধ্ব পুরস্কার, উদয়শঙ্কর দেওয়াঞ্জিকে শ্রেষ্ঠ প্রবীণ সৃজনকলা পুরস্কার, শান্তিরবাজার মহকুমার শান্তিরাই রিয়াংকে শ্রেষ্ঠ প্রবীণ কর্মজীবন পুরস্কার এবং বিলোনীয়ার বিনয় পালকে শ্রেষ্ঠ প্রবীণ সাহসিকতা পুরস্কার দেওয়া হয়। অতিথিগণ তাঁদের শাল, স্মারক উপহার, ছাতা এবং ৫ হাজার টাকার চেক তুলে দিয়ে সংবর্ধিত করেন। এছাড়াও কয়েকজন প্রবীণ নাগরিককে চলন সামগ্রী হিসেবে হুইল চেয়ার, ওয়াকিং স্টিক এবং শ্রবণ যন্ত্র দেওয়া হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিলোনীয়া পুরপরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ।

*****